উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-৩৬ তারিখঃ ০২ জুলাই '২০২৬খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের জুলাই-২০২৬ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ০৬ জুলাই' ২০২৬ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৭. উপজেলা নির্বাহী অফিসারের নবনির্মিত বাসভবন হস্তান্তর সংক্রান্ত।
৮. বিবিধ।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০২৪৭৭৭৭১৯১৬
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [সদয় উপস্থিতির অনুরোধসহ]
২। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
৩। উপজেলা ----------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৪। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১২ তারিখঃ ০৯ জুলাই' ২০২৬খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১.	মাননীয় সংসদ সদস্য ৮৮ যশোর-৪	
২.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	
৩.	চেয়ারম্যান, জহরপুর ইউপি	
৪.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	
৫.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	
৬.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	
৭.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	
৮.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	
৯.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	
১০.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	
১১.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১২

তারিখঃ ০৯ জুলাই' ২০২৬খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	
২	উপজেলা কৃষি কর্মকর্তা	
৩	উপজেলা প্রকৌশলী	
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১	উপজেলা প: প: কর্মকর্তা	
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভুপালী সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ০৬ জুলাই ২০২৬খ্রিঃ, সোমবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব আব্দুল জলিল, প্যানেল চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) মোঃ আব্দুল কদ্দুস শাওন, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব ওয়ালিদ হোসেন রুম্মান, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব ডাঃ মোহাম্মদ আজিজুল হক, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মুশফিকুর রহমান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব মোঃ খাইরুল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব অন্তরা সরকার, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব মোঃ মহিদুল জামান, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৩) জনাব মোঃ আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব ডা: অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব ডাঃ মোঃ মহিউদ্দিন আহমেদ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ রেজাউল করিম তরফদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরূপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) স্থায়ী কমিটির সভার কোনরুপ কার্যবিবরণী পাওয়া যায়নি। এ বিষয়ে আলোচনাকালে স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে জরুরী ভিত্তিতে আগামী সভার পূর্বে আবশ্যিকভাবে বিধি মোতাবেক স্থায়ী কমিটির সভা করে কার্যবিবরণী উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়। (খ) হস্তান্তরিত দপ্তরের বাইরে যেসকল দপ্তর প্রধান স্থায়ী কমিটির সদস্য-সচিব হিসাবে মন্ত্রণালয় নির্দেশিত কমিটিতে রয়েছেন তাদেরকে পরিষদের সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	(ক) বিধি মোতাবেক নিয়মিত স্থায়ী কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। (খ) হস্তান্তরিত দপ্তরের বাইরে হলেও স্থায়ী কমিটির সদস্য সচিবগণ পরিষদের সভায় থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	সদস্য-সচিব, স্থায়ী কমিটি(সকল)।
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **(ক) উপজেলা নির্বাহী অফিসারের নবনির্মিত বাসভবন সংক্রান্তঃ** উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণ কাজ শেষ হয়েছে উল্লেখ করে ঠিকাদার কর্তৃক চুড়ান্ত বিল পাইবার জন্য আবেদন দাখিল করায় পূর্ববর্তী মাসিক সভা এবং দপ্তরের স্মারকপত্রের মাধ্যমে কিছু কমিটি গঠনপূর্বক কাজের গুনগত মান ও প্রাক্কলন মোতাবেক কাজ সম্পন্ন হয়েছে কিনা তা পরিদর্শণপূর্বক প্রতিবেদন দেওয়ার জন্য বলা হয়। বর্নিত কমিটিসমূহের প্রতিবেদনের আলোকে উক্ত ভবনের কাজের ক্ষেত্রে কিছু ত্রুটি পরিলক্ষিত হয়েছে মর্মে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার জানান যেসকল ত্রুটি পাওয়া গেছে তার মধ্যে কিছু ত্রুটি এখন আর সংশোধন করা সম্ভবপর নয়। সেহেতু যেসকল ত্রুটি সংশোধন করা সম্ভব নয় তার আর্থিক পরিমান নিরুপন করে উক্ত অর্থের বিনিময়ে উক্ত বাসভবনে স্থায়ী ভাবে কিছু ফার্নিচার ক্রয় করে দেওয়ার প্রস্তবনা পেশ করেন। এ বিষয়ে আলোচনাকালে মাননীয় সংসদ সদস্য মহোদয় সভায় উপস্থিত ভবনের কাজ প্রাপ্ত ঠিকাদারের প্রতিনিধীগণের নিকট জানতে চান সংশোধন অযোগ্য ত্রুটির বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের প্রস্তাবের বিষয়ে তাদের মতামত কি এবং তারা কতদিনের ভবন হস্তান্তর করতে পারবে। ঠিকাদারগণ জানান তারা উপজেলা নির্বাহী অফিসারের প্রস্তাবনা অনুযায়ী **(নোদিয়া ফার্নিচারের অফিসিয়াল ডিলাক্স টেবিল-০১টি, সাইড টেবিল-০১টি, উন্নত মানের মুভিং চেয়ার-০১টি, মার্ভেলাস ডাইনিং টেবিল-০১টি, প্যারাডিও ডাউনিং চেয়ার-০৬টি, লোটাস কর্ণার সোফা-(২+২+১+C)- ১সেট, উন্নত মানের বক্স বেড-০২টি, ক্যানবেরি সেন্টার টেবিল-০১টি)** =৫,৬৯,০০০/-(পাঁচ লক্ষ উনসত্তর হাজার) টাকার ফার্নিচার উক্ত ভবনের জন্য ক্রয় করে দিবেন এবং আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে হস্তান্তর করার প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করে দিবেন। এ বিষয়ে আরো বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীকে কাজ বাস্তবায়ন যথাযথ সময়ের মধ্যে না হওয়ায় সময় বৃদ্ধিসহ ভবন সংক্রান্ত অন্যান্য সমস্যা নিষ্পত্তি করাসহ সঠিক ও সুন্দরভাবে কাজ সমাপ্ত হয়েছে কিনা সরেজমিনে পরিদর্শণপূর্বক এ সংক্রান্ত একটি প্রতিবেদন দাখিল	(ক) **(১)** ঠিকাদার কর্তৃক ০৭(সাত) কর্মদিবসের মধ্যে হস্তান্তর কাজ সম্পন্ন করে দিবেন এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রস্তাবনা অনুযায়ী =৫,৬৯,০০০/-(পাঁচ লক্ষ উনসত্তর হাজার) টাকার বর্নিত ফার্নিচার উক্ত ভবনের জন্য ক্রয় করে দিবেন। **(২)** উপজেলা প্রকৌশলী কর্তৃক কাজ বাস্তবায়ন যথাযথ সময়ের মধ্যে না হওয়ায় সময় বৃদ্ধিসহ ভবন সংক্রান্ত অন্যান্য সমস্যা নিষ্পত্তি করাসহ সঠিক ও সুন্দরভাবে কাজ সমাপ্ত হয়েছে কিনা সে সংক্রান্ত একটি প্রতিবেদনের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ কর্তৃক ভবন হস্তান্তর কার্যক্রম নিষ্পত্তি করবেন।	ক) ১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২। উপজেলা প্রকৌশলী ৩। মেসার্স ইউনিক টেডার্স, কুষ্টিয়া/ তার প্রতিনিধীগণ

	(খ) পরিদর্শন কক্ষ স্থাপনঃ স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ২১ এপ্রিল ২০২৬খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০.০৪৫.৯৯.০২.২৪-৬৮৮ নং স্মারকে **পরিদর্শন কক্ষ** স্থাপন সংক্রান্ত পত্রটি গতসভায় উপস্থাপিত হয়। সেপ্রেক্ষিতে গত সভায় আলোচনাকালে রুমসমূহ ভালোভাবে পর্যালোচনাপূর্বক সার্বিক বিষয়ে বিবেচনা করে পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে পরিদর্শণ কক্ষ করার সিদ্ধান্ত গৃহিত হয়। অতঃপর অত্র সভায় পরিদর্শন কক্ষটি কোথায় করা যায় এ বিষয়ে ইউপি চেয়ারম্যানবৃন্দের (অর্থাৎ ভোটিং ক্ষমতাযুক্ত সদস্যগণ) নিকট মতামত চাইলে উপস্থিত সকল চেয়ারম্যানগণ ঐক্যমতের ভিত্তিতে উপজেলা পরিষদের পুরাতন কমপ্লেক্স ভবনের(দ্বিতীয় তলায়) যে কক্ষটি পূর্বে উপজেলা চেয়ারম্যানের রুম হিসাবে ব্যবহৃত হতো সেটি পরিদর্শণ কক্ষ করার জন্য প্রস্তাব করে। পরবর্তীতে এ বিষয়ে উপস্থিত কর্মকর্তাদের নিকট মতামত চাইলে সংখ্যাগরিস্টতার ভিত্তিতে ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদানকৃত প্রস্তবনার পক্ষে অবস্থান পাওয়া যায়। এ বিষয়ে সভায় জানানো হয় বর্ণিত পাশে উপজেলা পরিষদের তিনটি রুম খালি থাকায় উপজেলা পরিষদের ১৩ জুন ২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভায় উপজেলা নির্বাচন দপ্তরকে ব্যবহার করার অনুমতি প্রদান করা হয়। এ বিষয়ে আরো বিস্তারিত আলোচনাকালে বলা হয় যেহেতু বর্তমানে উপজেলা পরিষদের উক্ত রুম প্রয়োজন সেহেতু বর্ণিত তিনটি রুম হতে চেয়ারম্যানের অফিসকক্ষ হিসাবে ব্যবহৃত রুমসহ দুইটি রুমের ব্যবহার অনুমতি বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং রুমসমূহ দ্রুততার সহিত খালি করে দেওয়ার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় আরো বিস্তারিত আলোচনাকালে মানবিকদিক এবং নির্বাচনের চলমান সময়ে কার্যক্রম গুছিয়ে নেওয়া বিষয়ে বিবেচনাপূর্বক বর্তমান নির্বাচন কর্মকর্তাকে রুম ছাড়ার জন্য সময় প্রদান এবং উত্তর পাশে ভাইস চেয়ারম্যান (পুরুষ) এর রুমটি নির্বাচন কর্মকর্তাকে সাধারণ মেরামত/সংস্কার করে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়। **(গ) মন্ত্রণালয় মেরামত ও সংস্কার প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির জন্য প্রস্তবনা প্রেরণঃ** যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরের ০৫টি বিভিন্ন মেরামত, সংস্কার ও উন্নয়ন প্রকল্প বাস্তাবয়ন করার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নের নিমিত্তে প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে প্রকল্পের প্রাক্কলন ও প্রস্তবনাসমূহ সভায় উপস্থাপন করা হয়। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রতি সপ্তাহের শনিবার উপজেলা চত্তর এলাকাসহ বিভিন্ন স্থানে পরিস্কার-পরিচ্ছন্নতাকরণ কাজের জন্য উপজেলা রাজস্ব তহবিলের পরিস্কার পরিচ্ছন্নতা খাত হতে অতিরিক্ত ৩.০০ (তিন) লক্ষ টাকা ব্যয়ের বিষয়ে সভায় উপস্থাপিত হয়। সভায় পাঁচটি উন্নয়ন প্রকল্প এবং একটি অতিরিক্ত ব্যয়ের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহের প্রাক্কলন অনুমোদন প্রদান করা হয় এবং প্রকল্পসমূহ ও অতিরিক্ত ব্যয়সহ মোট ০৬(ছয়)টি প্রস্তবনা দ্রুততার সহিত প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। **(ঘ) উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত উপজেলা পরিষদের মালিকানধীন অফিসার্স ক্লাবের জরাজীর্ণ দ্বিতল ভবন কনডেমনেশন এর মাধ্যমে অপসারণ:** উপজেলা প্রকৌশলী কর্তৃক সরেজমিনে দেখে জানান যে, যশোর জেলার বাঘারপাড়া **উপজেলা পরিষদের মালিকানাধীন** অফিসার্স ক্লাব হিসাবে ব্যবহৃত হতো কিন্তু বর্তমানে জরাজীর্ণ অবস্থায় পড়ে থাকা ভবনটি ব্যবহার অনুপোযোগী ঝুঁকিপূর্ণ অবস্থায় পরিষদের অভ্যন্তরে রয়েছে। যার ছাদ হতে পলেস্টার ভেঙ্গে ভেঙ্গে পড়ে রড বেরিয়ে গেছে	**(খ) (১)** যেহেতু বর্তমানে উপজেলা পরিষদের উক্ত রুম প্রয়োজন সেহেতু বর্ণিত তিনটি রুম হতে চেয়ারম্যানের অফিসকক্ষ হিসাবে ব্যবহৃত রুমসহ দুইটি রুমের ব্যবহার অনুমতি বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হয়। **(২)** মানবিকদিক এবং নির্বাচনের চলমান সময়ে কার্যক্রম গুছিয়ে নেওয়া বিষয়ে বিবেচনাপূর্বক বর্তমান নির্বাচন কর্মকর্তাকে রুম ছাড়ার জন্য সময় প্রদান এবং উত্তর পাশে ভাইস চেয়ারম্যান (পুরুষ) এর রুমটি নির্বাচন কর্মকর্তাকে সাধারণ মেরামত/ সংস্কার করে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। **(গ)** প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।	খ) (১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া (২) উপজেলা প্রকৌশলী (২) উপজেলা নির্বাচন কর্মকর্তা, বাঘারপাড়া **(গ)** ১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি বাঘারপাড়া

যাতে দেখা যাচ্ছে রড নষ্ট হয়ে গেছে । এছাড়া কলামসমূহে ফাটল দেখা দিয়েছে, যেকোন সময় ভেঙ্গে পড়ে দুর্ঘটনা ঘটতে পারে। সুতরাং বর্ণিত জরাজীর্ণ অব্যবহৃত ভবনটি কনডেমনেশন করা খুবই জরুরী, এ লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক একটি প্রাক্কলন উপস্থাপিত হয় যা নিম্নরূপঃ

ভবনের নাম	প্রাক্কলিত মূল্য	ভাঙ্গার খরচ	নীট
উপজেলা পরিষদের মালিকানাধীন(পূর্বের অফিসার্সক্লাব) পুরাতন ভবন			

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রাক্কলন অনুমোদিত হয় এবং দ্রুততার সহিত প্রাক্কলকৃত জরাজীর্ণ/পরিত্যক্ত ভবন ভাঙ্গার জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোতি প্রাপ্তির লক্ষে জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় ।

(ঘ)প্রাক্কলকৃত উপজেলা পরিষদের মালিকানাধীন পুরাতন অফিসক্লাব ভবনটি ভাঙ্গার জন্য স্থানীয় সরকার বিভাগের প্রশাসিনক অনুমোদন প্রাপ্তির লক্ষে জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঘ)
১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া
২। উপজেলা প্রকৌশলী,বাঘারপাড়া

(ঙ) উপজেলা পরিষদ হলরুম নির্মান প্রকল্প প্রস্তাব প্রেরণঃ যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মিত হলেও হলরুম নির্মানের জায়গায় বিআরডিবি এর গোডাউন থাকায় জায়গার সমস্যাজনিত কারনে ভবনের সাথে থাকা হলরুম নির্মাণ করা সম্ভব হয়েছিল না ।

তৎপরবর্তীতে বিআরডিবি এর জরাজীর্ণ ও ব্যবহার অনুপোযোগী গোডাউনটি কনডেমনেশন কমিটির মাধ্যমে প্রেরিত প্রস্তবনা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে গত ০২ ফেব্রুয়ারি ২০২৬খ্রিঃ তারিখের ৪৭.০০.০০০০.০৩৩.১৬.০০৪.২৩-৪৫ স্মারকপত্রে টেন্ডারের মাধ্যমে অপসারণের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে । সেপ্রেক্ষিতে নিলাম বিক্রয়ের ভাঙ্গার কার্যক্রম সমাপ্ত হয়েছে ।

যেহেতু বাঘারপাড়া উপজেলা পরিষদটি প্রত্যন্ত এলাকায় অবস্থিত এখানে বিভিন্ন দিবস ও অন্যান্য অনুষ্ঠানাদি আয়োজনের ক্ষেত্রে উপজেলা পরিষদের হলরুম না থাকায় খোলা মাঠে ডেকোরেশনের মাধ্যমে প্যান্ডেল করে আয়োজন করতে হয়, সেক্ষেত্রে আর্থিক অপচয় হয়। এছাড়া বষা মৌসুমে অনুষ্ঠানাদি আয়োজন আরো দূরহ হয়ে পড়ে ।

এমতাবস্থায় উপজেলা পরিষদের জন্য হলরুম নির্মাণ করা একান্ত প্রয়োজন বিধায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্ধারীত ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক বাঘারপাড়া উপজেলা পরিষদের জন্য **হলরুম নির্মান** প্রকল্পের প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত প্রাক্কলন অনুমোদন প্রদান করা হয় এবং দ্রুততার সহিত প্রকল্পের অর্থ বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরন করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় ।

(ঙ) উপজেলা পরিষদের জন্য **হলরুম নির্মান** প্রকল্পের প্রাক্কলন মোতাবেক অর্থ ছাড়করণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহন করা হয় ।

(ঙ)
১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,বাঘারপাড়া
২। উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া

(চ) উপজেলা পরিষদের জন্য গোডাউন নির্মাণ প্রকল্প প্রস্তাব প্রেরণঃ যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের কোন গোডাউন নাথাকায় সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন মালামাল রাখার জায়গা সমস্য হচ্ছে । এছাড়া উপজেলা পরিষদ কর্তৃক বিভিন্ন প্রকল্পের মাধ্যমে জনগণের মাঝে বিতরণের লক্ষ্যে ক্রয়কৃত মালামাল রাখার জায়গাও নাই ।

এমতাবস্থায় উপজেলা পরিষদের জন্য গোডাউন নির্মাণ করা একান্ত প্রয়োজন বিধায় উপজেলা প্রকৌশল দপ্তর কর্তৃক প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রাক্কলনসহ উপজেলা পরিষদের জন্য **গোডাউন নির্মান** প্রকল্পের প্রস্তাবনা সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত প্রাক্কলন ও প্রস্তাবনা অনুমোদন প্রদান করা হয় এবং দ্রুততার সহিত প্রকল্পের অর্থ বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরন করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় ।

(চ) উপজেলা পরিষদের জন্য **গোডাউন নির্মান** প্রকল্পের প্রাক্কলন মোতাবেক অর্থ ছাড়করণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহন করা হয় ।

(চ)
১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,বাঘারপাড়া
২। উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া

	(ছ) উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র কাম ত্রাণ গুদাম নির্মাণের জন্য স্থান নির্ধারণঃ দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিকল্পনা শাখা এর ২৭-১১-২০২৫খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০৩১.১৪.১৩.১৯.৩৯৫নং স্মারকপত্রটি সভায় উপস্থাপন করে জানানো হয় যে, বর্নিত পত্রে উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র কাম গুদাম নির্মাণ করার জন্য উপজেলা অভ্যন্তরে সর্বনিম্ন (৫০'x৭০') জায়গা নির্ধারণ করে প্রস্তবনা প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে । এ বিষয়ে সভায় বিষয়ে বিস্তারিত আলোচনাকালে পুরাতন অফিসার্সক্লাবের স্থানে বর্ণিত জায়গা নির্ধারণপূর্বক প্রস্তাবনা প্রেরণ করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । **(জ) পৌরসভার সীমানা বৃদ্ধিতে আপত্তি সংক্রান্তঃ** বাঘারপাড়া পৌরসভার সীমানা বৃদ্ধিকরণের একটি বিষয় সভায় উপস্থাপন করা হয়, সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় । আলোচনাকালে দরাজহাট ও বাসুয়াড়ী ইউপি চেয়ারম্যান জানান উক্ত সীমানা বৃদ্ধিতে তাদের আপত্তি রয়েছে, কারণ বর্ণিত হিসাবে সীমানা বৃদ্ধি হলে দরাজহাট ইউনিয়নটি প্রায় বিলুপ্ত হয়ে যাবে এবং বাসুয়াড়ী ইউনিয়নের একটি বাজারসহ অর্ধেক জায়গা পৌরসভার মধ্যে চলে যাওয়ায় ইউনিয়নটি ক্ষতিগ্রহস্থ হয়ে যাবে ।	(ছ) পুরাতন অফিসার্সক্লাবের স্থানে বর্ণিত জায়গা নির্ধারণপূর্বক প্রস্তাবনা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয় । (জ) পৌসভার সীমান বাসুয়াড়ী ও দরাজহাট ইউপির সড়ক/মহাসড়ক ও বাজার এবং গুরুত্বপূর্ণ এলাকা নিয়ে সীমানা প্রস্তবনা দিলে উপজেলা পরিষদের পক্ষ হতে আপত্তি জানানোর সিদ্ধান্ত গৃহিত হয় ।	(ছ) ১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া (জ) ১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া
০৫.	আর্থিকঃ **(উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (**মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী**) পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) জুন-২০২৬ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ভোর অনুমোদন প্রদান করা হয় ।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ভোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার
০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** উপজেলা পরিষদের সভায় জানানো হয় উপজেলাধীন প্রতিটি দপ্তর ও ইউনিয়ন পরিষদ সমূহে পানির ফ্লিটার সরবরাহ করা হয়েছে । উক্ত পানির ফিল্টারসমূহ দপ্তর/ইউনিয়নের নিজস্ব তত্তাবধায়ন ও অর্থে যথাযথভাবে নিয়ম অনুযায়ী পরিস্কার পরিচ্ছন্নতাকরণসহ সময়ে সময়ে পিপি পরিবর্তন ও অন্যান্য রক্ষণাবেক্ষন এবং ব্যবহারবিধি মেনে ব্যবহার করার জন্য অনুরোধ জানানো হয় ।	পানির ফিল্টারসমূহ দপ্তর/ ইউনিয়নের নিজস্ব তত্তাবধায়ন ও অর্থে রক্ষণাবেক্ষন এবং ব্যবহারবিধি মেনে ব্যবহার করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	ক) ১। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ, বাঘারপাড়া, যশোর ২। ইউপি চেয়ারম্যান(সকল), বাঘারপাড়া, যশোর
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । অর্থবছরের শুরু হয়েছে সেহেতু বর্তমানে কোন বরাদ্দ নাই, সেহেতু বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উন্নয়ন কার্যক্রম শুরু করা হবে। নিয়মিত কার্যপত্র প্রদানের জন্য অনুরোধ জানানো হয় ।	(ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	(ক) উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের কার্যপত্র থেকে জানা যায় যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৯৯১০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ২১৬০ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৯৫১ জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ২৫ জন, ১২ জন সিজারিয়ান করা হয়। ২৩ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। হাসপাতাল প্রশাসনের নিয়মিত বর্জ্য ব্যবস্থাপনা ও পরিষ্কার পরিচ্ছন্ন কাজ চলমান রয়েছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২২৬৭৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৭৭৩ জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১০৫৮ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে আউশ ধানের আবাদ ১৫২০ হেক্টর , পাট-১৬২০ হেক্টর, সবজি-৫৫৫ হেক্টর আবাদ হয়েছে। রোপা আমন ধানের বীজতলায় বীজবপন শুরু হয়েছে। ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন সহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক মনিটরিং করছেন। চলতি মাসে ইউরিয়া-৭৩ মেঃটন, টিএসপি-১৬ মেঃ টন, ডিএপি-৮৬ মেঃ টন এবং এমওপি- ৪৪ মেঃ টন মজুদ রয়েছে। উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার ও উপসহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষনিক সারের বাজার মনিটরিং করছেন। সারের উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক। সারের কোথাও কোন ঘাটতি নাই।	দাপ্তরিক কার্যক্রম ও প্রনোদনার তালিকা সঠিকভাবে প্রস্তুত ও প্রদান সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা ।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা সহকারি মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ৩০ জন চাষীকে মৎস্য চাষ বিষয়ক পরামর্শ প্রদান করা হয়েছে। নিয়মিত মাছ বাজার পরিদর্শন করা হচ্ছে । ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্পের আওতায় ১১ টি প্রদর্শনী বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় ৬ টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে। রাজস্ব বরাদ্দের আওতায় চিত্রা নদীর গলগলিয়া অংশে ০১ টি অভয়াশ্রম মেরামতের কাজ সম্পন্ন করা হয়েছে। মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ এর আওতায় চিত্রা নদীর বিভিন্ন অংশে অভিযান চালিয়ে ১২০০ মিটার চায়না দুয়ারী জাল ধ্বংস করা হয়েছে এবং ৫০ মিটার পাটাবাঁধ উচ্ছেদ করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিগত মাসে ১। উৎপাদন: ক. দুধ-২৩২৯ মে.টন, খ. ডিম-৪৫.০০লক্ষ, গ. মাংস-৭২৫১.১১ মে.টন, ঘ. সংকর জাতের বাছুর উৎপাদন-৩৯৪ টি, ২। রোগপ্রতিরোধ: ক. গবাদি পশুর টিকা প্রদান-৩০০মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-৬৬৬০০ মাত্রা, গ.ডিজিজ সার্ভিলেন্স-০২টি, ঘ.রোগ অনুসন্ধান ও নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-১০টি, ৩.চিকিৎসা, ক. গবাদিপশুর চিকিৎসা প্রদান-২৭৬১ টি, খ. হাঁসমুরগির চিকিৎসা প্রদান-১৬৪৩৯টি, গ. পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ১৭ টি, ঘ . ফ্রিভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প-০১টি, ৪.মানব সম্পদ উন্নয়ন--- ক. প্রশিক্ষণ-০০জন, খ. উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৪ টি, ৫. খামার পরিদর্শন- ১১টি , ৬. পরিবেশ সুরক্ষা/ঘাস উৎপাদনঃ ২.০০একর, ৭.মাসিক বার্তাঃ তীব্র গরম আবহাওয়া গবাদি পশুর করণীয় ৮. সরকারি এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ) আয়, ক. টিকাবীজ বিক্রয়- ৩৩৬৫০/-, খ. কৃত্রিম প্রজনন-৯৩৭৫০/- ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা অডিট দপ্তর থেকে ভাতা প্রদান কার্যক্রম অডিট হয়েছে । যেখানে মৃত ভাতাভোগীর তথ্য সঠিকভাবে পাওয়া যায়নি মর্মে তারা আপত্তি জানিয়েছে। এছাড়া পেনশনার ভাতাভোগীদের তথ্য প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয় । নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য। অন্যান্য কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সভায় জানান যে, তাঁর দপ্তরে কর্মকর্তা ও কর্মচারীদের একাধিক পদ শুন্য থাকায় কার্যক্রম ব্যহত হচ্ছে । নিয়মিত বিদ্যালয়ের শিক্ষকদের দক্ষতা উন্নয়ন প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে । মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত ওয়ান চাইল্ড ওয়ান ট্রি কর্মসূচির আওতায় বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাধ্যমে তাদের নিজ নিজ বিদ্যালয় ও বসতবাড়িতে বৃক্ষরোপন কর্মসূচি স্থানীয় প্রশাসন ও কৃষি দপ্তরের সহযোগিতায় চলমান আছে । বর্তমানে বিদ্যালয়ে পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটি গঠন চলামান আছে ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা

ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৮৫ টি দল/সমিতির ২৩০০ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৫-২০২৬ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০০.০০ কোটি টাকা। চলতি আর্থিক বছরে ১২৬৫ জন সদস্যর মধ্যে ৭২৫.৩২ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৭০১৭.৩৩ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া বিআরডিবির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে ৫০০ জন মহিলা সদস্য কে ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ২ টি কিশোরি সংঘের ২০০ জন কিশোরীকে তাদের জমাকৃত সঞ্চয় ১৪.৬০ লক্ষ টাকার বিপরীতে ২৯,.২২ লক্ষ টাকা প্রণোদনা প্রদান করা হয়েছে ।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালযের কার্যপত্র থেকে জানা যায় যে, চলতি অর্থ বছরে ২৩জনের মধ্যে মোট যুব ঋণ হিসাবে ২০১৫০০০/- টাকা প্রদান করা হয়েছে । সার্বিক আদায় হার ৯৭.৫৫% । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । সভায় উপস্থিত না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৩৯টি ২০২৪-২০২৫সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ০ টি ও ৩৯ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে । ২০২৩-২০২৪সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,৩২,৩৬০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,৩২,৩৬০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৭৪,৫৫৪/-টাকা, আদায়কৃত সিডিএফ ৭৪,৫৫৪/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এ পর্যন্ত র্ঘূণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৫,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ৮০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৭,০০০/-টাকা মোট ঋণ আদায় ৩৬,৭৭,০৭৭/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৩,৯৯,৯২৩/-টাকা। আদায়ের হার ৯০%।দুগ্ধ ঘাটতি সম্প্রসারণ প্রকল্পের আওতায় ২টি সমিতি রেজিষ্টিশন হয়েছে যার প্রতিটি সমিতির সদস্য সংখ্যা ৫০জন করে মোট ১০০জন । ইতোমধ্যে ২টি সমিতির সদস্যদের আবেদনের প্রেক্ষিতে বকনা ক্রয় এবং খাবার বাবদ প্রতি সদস্যদের ২,০০,০০০/-(দুই লক্ষ) করে ১০০ (একশত) জনকে প্রকল্প তহবিল হতে মোট= ২০০০০০০০/- (দুই কোটি) টাকা প্রদান করা হয়েছে। উপকারভোগীর নিকট থেকে আদায়যোগ্য ঋণের পরিমান ১৩,২০,০০০/-, আদায়কৃত ঋণের পরিমাণ ১০,৮৩,০০০/- টাকা । আদায়ের হার ৮২%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যপত্র মোতাবেক জানা যায় যে, টি,আর ও কাবিখা চলমান আছে । সরকারি নির্দেশনা মোতাবেক খাল খনন সংক্রান্ত তথ্য সংগ্রহ চলমান আছে, এ বিষয়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যায় যে, PSWSC প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দকৃত ২৩৪ টি নলকূপের মধ্যে ২৩৪ টির মধ্যে ৭৮ টির প্লাটফর্মের কাজ সম্পন্ন হয়েছে এবং হস্তান্তর চলমান আছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দকৃত ১০৮ টি নলকূপের মধ্যে টির প্লাটফর্মের কাজ সম্পন্ন হয়েছে এবং হস্তান্তর চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

	এছাড়া ১৮ টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ স্কিম স্থাপনের জন্য ১০০*৫০ মিঃমিঃ ব্যাসের সাবমার্সিবল পাম্পযুক্ত (১.৫ হর্স পাওয়ার) নলকূপ স্থাপন কাজের বোরিং সম্পন্ন হয়েছে এবং সাবমার্সিবল পাম্প বসানোর পর পানি পরীক্ষারগারে পাঠানো হয়েছে। গ্রামীন স্যানিটেশন প্রকল্পের আওতায় ইউনিয়ন প্রতি ৫০ টি করে ০৯ টি ইউনিয়নে মোট ৪৫০ টি টুইনপিট ল্যাট্রিনের বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্বাক্ষরিত পত্র অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করা হয়েছে। সকল ইউনিয়ন হতে তালিকা পাওয়া গিয়েছে। উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক তালিকা অনুমোদিত হওয়ার পর জেলা কার্যালয়ে প্রেরণের মাধ্যমে কাজ শুর্র করা যাবে। ইতিমধ্যে উক্ত কাজের কার্যাদেশ পাওয়া গিয়েছে। তাছাড়া ০৪ টি কমিউনিটি ল্যাট্রিনের নির্মাণ কাজ চলমান আছে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।	এছাড়া মাঠ পর্যায়ে গভীর নলকূপ/ সাব মারসিবল স্থাপনের ক্ষেত্রে প্রাক্কলন অনুযায়ী মালামালসমূহ যথাযথভাবে প্রদান করার বিষয়টি মনিটরিংপূর্বক নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়।	
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। এছাড়া তিনি আরো জানান মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ৫ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপণ কর্মসূচীর অংশ হিসেবে বিগত ২০২৫-২০২৬ অর্থ বছরের স্ট্রীপ বাগান সৃজন কর্মসূচী ' ২০২৬ এর কাজ চলমান। বন্দোবিলা ইউনিয়ন অংশে চিত্রা নদীর দুইপাশে পাউবোর খননকৃত মাটিতে বিভিন্ন প্রজাতির বনজ ফলদ, ঔষধি এবং শোভাবর্ধনকারী ২০ হাজার চারা রোপণ কাজ বাস্তবায়নের পথে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.ইউনিয়ন পরিষদ সংক্রান্ত:	(ক) (১) চেয়ারম্যান বন্দবিলা জানান যে, নদী খননের ক্ষেত্রে বিভিন্ন অরাজকতা সৃষ্টি করা হয়েছে, নদী খননে অনেক জায়গায় ব্যক্তিগত জায়গা দিয়ে করা হয়েছে। এছড়া মাটি খনন করে ব্যক্তিগত জমিতে রাখা হয়েছে এবং মাটির স্তুপের কারনে জলাবদ্ধতা সৃস্টি হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পানি উন্নয়ন বোর্ডকে সমস্যাসমূহ অবহিত করে নিরসণ করার লক্ষ্যে পত্র প্রদান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (২) এছাড়া তিনি আরো জানান যে, তার ইউনিয়নাধীন মির্জাপুরের তিন রাস্তার মোড়ে খাল খননের ফলে ব্রীজের নিচের ঢালাই উচু হয়ে গেছে যার ফলে খালের পানি নিষ্কাশন হচ্ছে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দ্রুততার সহিত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	(ক) পানি উন্নয়ন বোর্ডকে সমস্যাসমূহ নিরসণ করার লক্ষ্যে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। (২) দ্রুততার সহিত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হয়।	(ক) (১) উপজেলা নির্বাহী অফিসার (২) উপজেলা প্রকৌশলী
১০.বিবিধ:	(ক) মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ জানান যে, রাধানগর বাওড়টি যেন একক কারো দখলে না চলে যায় সে বিষয়ে সজাগ থাকার আহবান জানান। (খ) এছাড়া শিক্ষকদের মধ্যে যাদের মনোভাব পশুসুলভ তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা উচিত মর্মে সকল অবহিত করেন। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তাগণকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান।	(ক) নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) সহকারী কমিশনার(ভূমি) (খ)উপজেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া

সভাপতি মহোদয় সকলকে সময়মত কর্মক্ষেত্রে উপস্থিত হওয়ার আহবান জানান। অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ভুপালী সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪-৩৭ **তারিখঃ ০৬- ০৭-২০২৬ খ্রিঃ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ ।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা ..... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি ।

ভূপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।